



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/শের/২০১৯/২ ০৬৮

তারিখঃ ৩০/১২/২০১৯ খ্রিঃ

বিষয় : বিদ্যালয়ে দ্বিতীয়বার এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : তাঁর ১৩/০৬/২০১৯ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা এসআরও নং-৯৯/আইন/২০০৯-এর ৩৯(১) নং ধারা অনুযায়ী নিম্নলিখিত সদস্যবৃন্দ সমন্বয়ে গঠিত “হেরুয়া আদর্শ উচ্চ বিদ্যালয়” এর এডহক কমিটি পত্র ইস্যুর তারিখ থেকে ০৪ (চার) মাস পর্যন্ত বলবৎ থাকবে। এ মেয়াদ কালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৪/২০১১ তারিখের শিম/শাঃ১১/১০-১১/২০০৯/১৭১ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯” এর ৪১(২) (খ)৪ অনুযায়ী ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি-কে শিক্ষক-কর্মচারী নিয়োগের যে ক্ষমতা দেয়া হয়েছে তা কেবল মাত্র নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির মাধ্যমে সম্পন্ন করতে হবে। কোনক্রমেই এডহক বা বিশেষ ধরনের কমিটি/গভর্নিং বডির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না। উল্লেখ্য, এ কমিটির মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হলে বিদ্যালয়ের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদী বন্ধ করা হবে।

১। জনাব মোঃ হুমায়ুন কবির রুমন

সভাপতি

বোর্ড কর্তৃক মনোনীত

২। জনাব মোঃ আক্বাহ আলী

অভিভাবক
সদস্য

উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত
পত্র নং ৩৬৩
তারিখ ৩০/০৫/২০১৯ খ্রিঃ

৩। জনাব মোঃ হুমায়ুন কবির

শিক্ষক
প্রতিনিধি

জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত
পত্র নং- ১৫৬
তারিখ ০৯/০৬/২০১৯ খ্রিঃ

৪। প্রধান শিক্ষক

সদস্য সচিব

পদাধিকার বলে

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রাপক :

প্রধান শিক্ষক

হেরুয়া আদর্শ উচ্চ বিদ্যালয় (EIN- 113872)

উপজেলা : সদর, জেলা : শেরপুর।

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

মেমো নং- ২০৬৮ (৪)

তারিখঃ ৩০/১২/২০১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, শেরপুর।

২। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।

৩। সভাপতি, এডহক কমিটি, হেরুয়া আদর্শ উচ্চ বিদ্যালয়, সদর, শেরপুর।

৪। অফিস কপি।

৫।

Islam
30/12/19

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।